# প্রযুক্তি-গবেষণার সমন্বয়ে বদলাবে দেশের স্বাস্থ্য খাত: জুবাইদা



জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট ডা. জুবাইদা রহমান। ছবি: সংগৃহীত

প্রযুক্তি ও গবেষণার সঙ্গে স্বাস্থ্য খাতের সমন্বয় করা গেলে বাংলাদেশেই বিশ্বমানের চিকিৎসাসেবা গড়ে তোলা সম্ভব বলে মন্তব্য করেছেন জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট ডা. জুবাইদা রহমান।

রোববার (১৩ সেপ্টেম্বর) দুপুরে রাজধানীর নভোথিয়েটার অডিটোরিয়ামে বাংলাদেশ ইনোভেশন ফেয়ারে বক্তব্য দেওয়ার সময় তিনি এ কথা বলেন।

ডা. জুবাইদা রহমান বলেন, স্বাস্থ্য খাতকে নতুনভাবে সাজানোর পরিকল্পনা রয়েছে। ভবিষ্যতে এ খাত থেকে দেশের জিডিপির ৫ শতাংশ অর্জনের লক্ষ্য রয়েছে। একই সঙ্গে দেশের প্রান্তিক জনগোষ্ঠীর কাছে স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে বিভিন্ন উদ্যোগ নেওয়ার কথাও জানান তিনি।

অনুষ্ঠানে স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড. এম এ মুহিত বলেন, ডেঙ্গুর ভ্যাকসিন নিয়ে ট্রায়ালের মাধ্যমে কাজ এগিয়ে নেওয়ার চেষ্টা করছে সরকার। দেশে একটি ভ্যাকসিন রিসার্চ ইনস্টিটিউট প্রতিষ্ঠার উদ্যোগও নেওয়া হচ্ছে বলে জানান তিনি।

স্বাস্থ্য প্রতিমন্ত্রী বলেন, হেলথ টেক ইন্ডাস্ট্রির বিকাশ ঘটলে হাসপাতালগুলোর বর্তমান বিশৃঙ্খল পরিবেশ থেকে বেরিয়ে আসা সম্ভব। এ ক্ষেত্রে তরুণ প্রজন্ম, বিশেষ করে জেন-জি তরুণদের এগিয়ে আসার আহ্বান জানান তিনি।

LENS ASIA